

M.A. Part-I Examination, 2023 (CDOE)

বিষয় : বাংলা

প্রথম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ৮০

দক্ষিণ প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।
(প্রতিটি অর্ধের উত্তর পৃথক উত্তরপত্রে দিতে হবে)

প্রথম অর্ধ

(মান : ৪০)

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিন :

৫×২=১০

- (ক) চর্যাপদের ভাষা যে বাংলা, তা কে প্রতিপন্ন করেন এবং কোন গ্রন্থে?
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ক-টি খণ্ড আছে? শেষ খণ্ডটির নাম কী?
- (গ) কোন কোন গ্রন্থ থেকে কৃত্তিবাস তাঁর 'শ্রীরাম পাঁচালী'-র উপাদান সংগ্রহ করেন?
- (ঘ) মালাধর বসু 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থে ভাগবতের কোন দুটি স্বপ্নের সংক্ষিপ্ত অনুবাদ করেছিলেন? দুটি বাক্যে এই দুই স্বপ্নের কাহিনি অংশের বর্ণনা দিন।
- (ঙ) মুকুন্দরামের গ্রন্থ রচনার কালজ্ঞাপক শ্লোকটি উদ্ধৃত করুন।
- (চ) 'চৈতন্যলীলার ব্যাস' কাকে বলা হয়? তাঁর লেখা চৈতন্যজীবনীটির নাম লিখুন।
- (ছ) 'পদ্মাবতী' ছাড়া আলাওল যে সমস্ত কাব্য লিখেছিলেন, তার মধ্যে দুটির নামোল্লেখ করুন।
- (জ) 'অন্নদামঙ্গল' কাব্য ক-টি খণ্ডে বিভক্ত? কী কী?

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন :

৩×১০=৩০

- (ক) চর্যাপদ কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেছিলেন? চর্যাপদগুলির মধ্যে থেকে প্রাচীন বাঙালি সমাজের যে পরিচয় মেলে, তা আলোচনা করুন।
- (খ) মধ্যযুগের মঙ্গলকাব্যধারায় ধর্মমঙ্গলের স্থান নির্দেশ করে তার সঙ্গে রাঢ়ের জনজীবনের ঘনিষ্ঠ সম্পর্ক বিষয়ে আলোচনা করুন।
- (গ) মহাভারতের অনুবাদক হিসেবে কাশীরাম দাসের স্বাতন্ত্র্য চিহ্নিত করুন।
- (ঘ) বাংলা সাহিত্যে ও সমাজজীবনে চৈতন্যদেবের প্রভাবের স্বরূপ নির্ণয় করুন।
- (ঙ) আরাকান-রোসাও রাজসভার কবি হিসেবে সৈয়দ আলাওলের কবি-প্রতিভার মূল্যায়ন করুন।
- (চ) উদার অসাম্প্রদায়িক মানবপ্রেমের মহিমা বর্ণনার দিক থেকে বাংলা সাহিত্যে 'ময়মনসিংহ গীতিকা'-র গুরুত্ব বিচার করুন।

Please Turn Over

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিন :

৫×২=১০

- (ক) ফারসি ভাষায় রামমোহনের লেখা গ্রন্থটির নাম কী? এটির ভূমিকা কোন ভাষায় লেখা হয়েছিল?
- (খ) কোন ধর্মভাবনা প্রকাশের জন্য 'তত্ত্ববোধিনী পত্রিকা' প্রকাশের উদ্যোগ নেওয়া হয়েছিল? এই পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন?
- (গ) কোন উপন্যাসে বঙ্কিমচন্দ্র ছিয়াত্তরের মন্বন্তরকে পটভূমি হিসেবে বেছে নিয়েছিলেন? উপন্যাসটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়?
- (ঘ) গিরিশচন্দ্র ঘোষ রচিত দুটি পারিবারিক নাটকের নাম প্রকাশকালসহ লিখুন।
- (ঙ) 'কবির সঙ্গে যেন একজন শিল্পী এসে যোগ দিল।'— নিজের কোন কাব্য সম্পর্কে রবীন্দ্রনাথ একথা বলেছিলেন? কাব্যটির প্রকাশকাল লিখুন।
- (চ) 'বন্ধুবিরোগ', 'অমিতাভ', 'ছায়াময়ী', 'পদ্মিনী উপাখ্যান'— উল্লিখিত কাব্যগুলির রচয়িতার নাম জানান।
- (ছ) টেকচাঁদ ঠাকুর কার ছদ্মনাম? এই নামে লেখা তাঁর বিখ্যাত গ্রন্থটির নাম লিখুন।
- (জ) নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ কোনটি? এটি কত সালে প্রকাশিত হয়?

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন :

৩×১০=৩০

- (ক) বাংলা গদ্যের প্রাথমিক রূপগঠনে হোর্ট উইলিয়াম কলেজের ভূমিকা আলোচনা করুন।
- (খ) বাংলা প্রহসনের উদ্ভব ও ক্রমবিকাশের ইতিহাসটি সংক্ষেপে বিবৃত করে এই ধারায় মধুসূদন-রচিত প্রহসনগুলির সাহিত্যমূল্য বিচার করুন।
- (গ) বাংলা প্রবন্ধ-সাহিত্যের ইতিহাসে প্রাবন্ধিক হিসেবে দেবেন্দ্রনাথ ঠাকুরের স্থান নির্ণয় করুন।
- (ঘ) ঈশ্বরচন্দ্র গুপ্তকে অনেকে 'যুগসন্ধির কবি' বলেছেন। তাঁর কবিতার বিষয় ও রীতিতে এই বৈশিষ্ট্য কীভাবে ধরা পড়েছে, আলোচনা করুন।
- (ঙ) বাংলা উপন্যাস-সাহিত্যে মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রতিভার মূল্যায়ন করুন।
- (চ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব নিরূপণ করুন।